



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার নং- ০৩

১০ সেপ্টেম্বর ২০২৪

তারিখঃ -----

২৬ ভাদ্র ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

একটি কোম্পানির বিভিন্ন ইউনিট/কারখানা এর বিপরীতে মঞ্জুরীকৃত ঋণের তথ্য
সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করা প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দেশে কার্যরত বিভিন্ন ব্যাংক/ফাইন্যান্স কোম্পানি কর্তৃক পৃথক পৃথক স্থানে একই/ভিন্ন খাতের পণ্যের জন্য একাধিক ঠিকানায় স্থাপিত একটি কোম্পানির বিভিন্ন ইউনিটের নামে ঋণ মঞ্জুর করা হচ্ছে। সিআইবি রিপোর্টিং এ স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে উল্লিখিত ঋণসমূহকে রিপোর্টিং এর ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণের জন্য আপনাদেরকে নির্দেশনা দেয়া যাচ্ছে-

ক) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC) তে নিবন্ধিত একটি কোম্পানি একই/ভিন্ন খাতের পণ্য বা সেবা উৎপাদনের জন্য একাধিক ঠিকানায় ইউনিট/কারখানা স্থাপন করলে সেই ইউনিট/কারখানাগুলোকে RJSC কর্তৃক যে নামে নিবন্ধনের অনুমোদন দেয়া হয়েছে হুবহু সেই নামেই সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যাচ্ছে যে, 'ক লিমিটেড' নামক একটি কোম্পানি RJSC তে নিবন্ধিত। এই কোম্পানি বিভিন্ন স্থানে বিভিন্ন পণ্য বা সেবা উৎপাদনের জন্য ইউনিট/কারখানা স্থাপন করলে যেমন 'ক লিমিটেড (ইউনিট-১)', 'ক লিমিটেড (ইউনিট-২)', 'ক লিমিটেড (ইউনিট-৩)', 'ক লিমিটেড (গার্মেন্টস ইউনিট)' ইত্যাদি নামীয় ইউনিটগুলোকে 'ক লিমিটেড' কোম্পানির আওতাভুক্ত কোম্পানি হিসেবে গণ্য করে তদানুযায়ী সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

খ) 'X (Unit-2) Limited' এবং 'X Limited (Unit-2)' দুইটি ভিন্ন ভিন্ন কোম্পানি হিসেবে RJSC তে নিবন্ধিত হলে ভিন্ন ভিন্ন কোম্পানি হিসেবেই সিআইবি ডাটাবেইজে রিপোর্ট করতে হবে।

২। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর করা হবে।

৩। Bangladesh Bank Order, 1972 (P.O No. 127 of 1972) এর article 44 (1) এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মুন্সী মোহাম্মদ ওয়াকিদ)

পরিচালক (সিআইবি)

ফোনঃ ৯৫৩০১৩৩